

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০০৮.২১. ৪৭৮৪

তারিখ- ১১/০১/২০২১ খ্রিঃ

### " আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

মুঙ্গীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং মুঙ্গীগঞ্জ পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরতগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা
০১	লাইন টেকনিশিয়ান	ক) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত চাকুরীকাল ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ এবং মোট চাকুরীকাল ১০ (দশ) বছর হতে হবে। খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত ধারণা থাকতে হবে। ঙ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। চ) অধীনস্থ লাইনক্রগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। ছ) প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। জ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

#### শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ স্ব-শরীরে আগামী ৩০/০১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মুঙ্গীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সিপাহীপাড়া, মুঙ্গীগঞ্জ এ উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

#### ০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।
- পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি।
- বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।
- হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর অনুলিপি।
- সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।
- আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়ন পত্র।
- বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত হতে হবে।


#### ০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

- সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদণ্ড প্রাপ্ত হয়েছেন;
- সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন;
- বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদণ্ড প্রাপ্ত হয়েছেন;
- বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদণ্ড এবং একবার লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন;
- বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন;

- (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকায হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
- (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত এবং চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;
- (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দণ্ডের কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;


**৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

- (ক) নিদেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট " পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।
- (খ) পদোন্নতির বিষয়ে নিদেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
- (গ) মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
- ০৫। সংশোধিত নিদেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।
- ০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে মুন্সীগঞ্জ পবিস এর ভৌগোলিক এলাকায় (মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, লৌহজং, সিরাজদিখান ও টংগীবাড়ী উপজেলা এবং নারায়নগঞ্জ জেলার আলীরটেক ও বক্তাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলার চরআত্রা, কাচিকাটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার মতলব উপজেলার এখলাছপুর, মোহনপুর ও জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের) স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
- ০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথভাবে অনুসরণ করা হবে। উক্ত ধারা মোতাবেক কেউ যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।
- ০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বৈচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এবং পবিস নিদেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ যথাযথভাবে প্রতিপালন করা হবে।
- ১০। মুন্সীগঞ্জ পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিস এ কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে প্রমাণ সাপেক্ষে চাকুরীচ্যুত করা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের মধ্য হতে জ্যৈষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।
- ১২। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(এ এইচ এম মোবারক উল্লাহ)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস ১/২/৩/৪।
- ০৪। ডিজিএম সদর দপ্তর-কারিগরী/মুন্সীগঞ্জ/লৌহজং/সিরাজদিখান/টংগীবাড়ী/শ্রীনগর জোনাল অফিস, মুপবিস।
- ০৫। এজিএম (অর্থ-হিসাব), মুপবিস।
- ০৬। নোটিশ বোর্ড।
- ০৭। অফিস কপি/মাস্টার কপি।

  
(এ এইচ এম মোবারক উল্লাহ)  
সিনিয়র জেনারেল ম্যানেজার